

ইভেফাক

তারিখ ... 9.12.77.
পৃষ্ঠা... .. 1... কলাম... 4... ..

012

দ্বৈত শিক্ষা কোর্স

(ইভেফাক রিপোর্ট)

তেজগাঁওস্থ বাংলাদেশ টেক্সটাইল ইন্সটিটিউটে আগামী শিক্ষাবর্ষ হইতে দ্বৈত শিক্ষা (?) চালু করা হইতেছে। অর্থাৎ একই সঙ্গে ডিপ্লোমা ও ডিগ্রী কোর্সে শিক্ষা দেওয়া হইবে।

এই সিদ্ধান্ত টেক্সটাইল ইন্সটিটিউটে ডিগ্রী কোর্স প্রবর্তনের সম্ভাব্যতা সম্পর্কে সরকারী কমিটির প্রদত্ত রিপোর্টের সুপারিশের সহিত সামঞ্জস্যহীন বলিয়া অভিযোগ করা হইয়াছে।

নূতন ব্যবস্থায় স্কুল ফাইনাল পাস করার পর তিন বৎসর ডিপ্লোমা কোর্স এবং ডিপ্লোমা পাস করার পর আরও তিন বৎসর ডিগ্রী কোর্স অধ্যয়ন করিতে হইবে। এই সিদ্ধান্ত ইন্সটিটিউটের শিক্ষক ও ছাত্র

(শেষ পৃঃ ৪ এর কঃ দ্রঃ)

দ্বৈত শিক্ষা কোর্স

(১ম পৃঃ পর)

মহলে বিস্ময় ও ক্ষোভের সৃষ্টি করিয়াছে।

টেক্সটাইল ইন্সটিটিউটের ভারপ্রাপ্ত প্রিন্সিপাল জানাইয়াছেন যে, তিনি কমিটির সুপারিশ বাস্তবায়নের পক্ষপাতী। একই সঙ্গে ডিপ্লোমা ও ডিগ্রী কোর্স কোথায়ও নাই এবং চলিতে পারে না।

ডিগ্রী কোর্স প্রবর্তনের ব্যাপারে কমিটি মেডিক্যাল বা ইঞ্জিনিয়ারিং শিক্ষা ব্যবস্থার অনুরূপ উচ্চ মাধ্যমিক পাস করার পর ৪ বৎসর মেয়াদী ডিগ্রী কোর্স প্রবর্তন এবং ডিগ্রী কোর্স প্রবর্তনের পর ডিপ্লোমা কোর্স বিলোপ করার সুপারিশ করিয়াছিলেন বলিয়া জানা গিয়াছে।

বাংলাদেশ টেক্সটাইল টেকনোলজিট এসোসিয়েশন এই সিদ্ধান্তের বিরূপ সমালোচনা করিয়াছে।